দৈনিক জনকণ্ঠ

তারিখ 04 JAN 2016
পৃষ্ঠা ৩ কলাম ৫

# বিইউপিতে ২০১৬ শিক্ষাবর্ষের উদ্বোধন ও নবীনবরণ

বাংলাদেশ ইউনিভার্সিটি অব প্রফেশনালসের (বিইউপি) ২০১৬ শিক্ষাবর্ষের 'ওপেনিং কনভোকেশন এ্যান্ড ফ্রেশারস রিসিপশন' '১৬' রবিবার মিরপুর সেনানিবাসস্থ বিইউপির ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে বিইউপির উপাচার্য মেজর জেনারেল শেখ মামুন খালেদ, এসইউপি, পিএসসি, পিএইচডি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ২০১৬ শিক্ষাবর্ষের শুভ উদ্বোধন ঘোষণা করেন।

নবীন শিক্ষার্থীদের উদ্দেশে প্রধান অতিথি বলেন, "বিশ্ববিদ্যালয় গবেষণাধর্মী উচ্চ শিক্ষার কেন্দ্রস্থল। এখান থেকে উচ্চ শিক্ষায় শিক্ষিত হয়ে প্রিয় মাতৃভূমি ও সমাজে আলোকচ্ছটা বিতরণের পাশাপাশি আন্তর্জাতিক পর্যায়ে মানবতার সেবায় অবদান রাখতে হবে।

এর আগে জাতীয় সঙ্গীত ও পবিত্র কোরআন থেকে তেলাওয়াতের মাধ্যমে অনুষ্ঠান শুরু হয়। বিইউপি'র রেজিস্ট্রার ব্রিগেডিয়ার জেনারেল আবুল কাশেম মোহাম্মদ ইব্রাহীম, এনডিসি, এএফডব্লিউসি, পিএসসি অনুষ্ঠানে স্বাগত বক্তব্য প্রদান করেন। এছাড়া বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি প্রফেসর ডক্টর নাজমুল আহসান কলিমউল্লাহ ও বিবিএ শেষ বর্ষের শিক্ষার্থী সুরানা তৌহিদ বক্তব্য রাখেন। পরে শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠান শুরু হয়। -আইএসপিআর